

# এই সময়

সংবাদ পত্র

১৬ জ্যৈষ্ঠ ১৪২১ শনিবার ৩১ মে ২০১৪ শহর সংস্করণ

## জয়েন্ট এন্ট্রান্সে সফল হওয়ার চাবিকাঠি

এই সময়: ডাক্তারি বা ইঞ্জিনিয়ারিংয়ে  
সুযোগ পেতে হলে ডাঃ মাইতিস  
এডুকেশনাল অ্যান্ড মেডিক্যাল রিসার্চ  
সেন্টার প্রাইভেট লিমিটেডের নাম  
এককথায় বলতে হবে। এমনই দাবি  
সংস্থাটির। বছর চব্বিশ আগে এই  
প্রতিষ্ঠানের জন্ম।

বাংলার মেধাবী  
ছাত্রছাত্রীদের কথা  
মাথায় রেখেই  
ইঞ্জিনিয়ারিং এবং  
মেডিক্যাল জয়েন্টের  
কোর্স দেওয়া শুরু  
হয়। সেই সময় আলাদা  
করে বিজ্ঞাপনের করা  
সম্ভব হয়নি। কিন্তু রাখে



হরি, মারে কে? একের পর এক  
ছাত্রছাত্রী এই কোর্সে সেন্টারে পড়ে  
জয়েন্ট ভালো ফল করতে শুরু করে।  
ভালো রেজাল্টের মাধ্যমেই এই  
এডুকেশন সেন্টারের নাম ছড়িয়ে

পড়েছে। সংস্থার দাবি, বর্তমানে রাজ্যের  
সব হাসপাতাল, মেডিক্যাল কলেজ,  
নার্সিংহোম, ফার্ম ও ইঞ্জিনিয়ারিং  
প্রতিষ্ঠানে এই সেন্টার থেকে পাশ করা  
ছাত্রছাত্রীরা উচ্চপদে প্রতিষ্ঠিত।  
'রেনবো' গাইডেন্স সেন্টারটির নামও

ডাঃ মাইতির নামের  
সঙ্গে জড়িত। দক্ষিণ  
কলকাতা লেক গার্ডেনে  
সংস্থার দপ্তরে প্রতি  
রবিবার মফসসল  
থেকেও বহু ছেলেমেয়ে  
পড়তে আসে।  
প্রতিষ্ঠানটির সঙ্গে ২৫  
জন প্রতিষ্ঠিত চিকিৎসক  
এবং ইঞ্জিনিয়ার যুক্ত।

জয়েন্ট দিতে ইচ্ছুক পড়ুয়াদের সঙ্গে  
কথা বলে, তাদের দুর্বলতা, ফাঁক পুরণে  
কী করতে হবে, কী ভাবে পড়তে হবে,  
এ সবই ভালো করে বুঝিয়ে লক্ষ্যভেদের  
পথ সুগম করার চেষ্টা হয় এখানে।